দৈনিক সংবাদ

25

তারিখ 28 FEB 1997
পৃষ্ঠা ৭ কলাম ৩

সংসদে প্রশ্নোত্তর

# বেসরকারি শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের কার্যক্রম বন্ধ

(সংসদ বার্তা পরিবেশক)

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের জন্য গঠিত কল্যাণ ট্রাস্টের কার্যক্রম বন্ধ রয়েছে। তবে গত ডিসেম্বর পর্যন্ত এই ফান্ডে ৩৩ কোটি ৫৮ লাখ ১০ হাজার ৪০৬ টাকা জমা হয়েছে। এর মধ্যে শিক্ষক-কর্মচারীদের চাঁদা বাবদ জমার পরিমাণ ৪ লাখ ৫৮ লাখ ১০ হাজার ৪০৬ টাকা। বাকি ২৯ কোটি টাকা সরকারি অনুদান।

জাতীয় সংসদে গতকাল বৃহস্পতিবার প্রশ্নোত্তরকালে আওয়ামী লীগ দলীয় সাংসদ অধ্যাপিকা খালেদা খানমের তারকাচিহ্নিত এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এএস-এইচকে সাদেক এতথ্য জানান। তিনি বলেন, '৯০ সালে এ সংক্রান্ত একটি আইন প্রণয়ন করা হয়; কিন্তু নানা জটিলতার জন্য '৯৬ সালের ১৩ই জানুয়ারিতে একটি ধারা বাদ দিয়ে ২টি অধ্যাদেশ জারি করা হয়। তবে ষষ্ঠ সংসদে আইন আকারে তা সংসদে পাস না করায় ট্রাস্টের কার্যক্রম বন্ধ আছে। বর্তমান সরকার শিগগিরই দু'টি আইন প্রণয়নের উদ্যোগ নিয়েছে। আইন প্রণয়নের পরই কার্যক্রম শুরু হবে।

## মহিলাদের জন্য দ্বাদশ শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক

দ্বাদশ শ্রেণী পর্যন্ত মহিলাদের জন্য শিক্ষা অবৈতনিক করার প্রস্তাব করা হয়েছে। প্রস্তাব অনুমোদন ও বাজেটে অর্থ বরাদ্দ পেলে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রীদের জন্য শিক্ষা অবৈতনিক করা হবে। শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক গতকাল বৃহস্পতি-বার আওয়ামী লীগের আবদুল লতিফ মির্জার এক তারকা চিহ্নিত প্রশ্নের জবাবে একথা জানান।

## বিশ্ববিদ্যালয়ের ৬৭৬ জন শিক্ষক বিদেশে আছেন

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ৬৭৬ জন শিক্ষক উচ্চশিক্ষার জন্য বিদেশে আছেন। এদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২৯ জন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৭৬ জন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৫২ জন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১৭৯ জন, কৃষি বিশ্ব-বিদ্যালয়ের ৪৭ জন, প্রকৌশল বিশ্ব-বিদ্যালয়ের ১১৫ জন, খুলনা বিশ্ব-বিদ্যালয়ের ২৫ জন, ইসলামী বিশ্ব-বিদ্যালয়ের ১৪ জন, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৩৫ জন এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ৫ জন রয়েছেন।

গতকাল বৃহস্পতিবার সংসদে আওয়ামী লীগের ধীরেন্দ্রনাথ সাহার এক লিখিত প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক এ তথ্য জানান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হলে এসব ছুটিজনিত শূন্যপদের বিপরীতে অস্থায়ীভাবে বিশেষ ব্যবস্থা হিসেবে শিক্ষক নিয়োগ করা হয়।